

আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস 'চেতনায় একুশ' শীর্ষক অনুষ্ঠান



২০ ফেব্রুয়ারি ২০২০ ( রবিবার) সন্ধ্যা হতে একুশে ফেব্রুয়ারি দিবাগত রাত ১২টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংগঠনসমূহের উপস্থাপনায় ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে 'চেতনায় একুশ' শীর্ষক অনুষ্ঠানে আবৃত্তি, গান, নৃত্য, মুকাভিনয়, নাট্য প্রযোজনা ও প্রবন্ধ পাঠের আসর আয়োজিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাহিত্য ও সাংস্কৃতিক স্ট্যান্ডিং কমিটির আহবায়ক ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিশেষ অতিথি হিসেবে আবৃত্তি সংসদের ব্যবস্থাপনা উপদেষ্টা কামরুল ইসলাম উপস্থিত ছিলেন।



‘চেতনায় একুশ’ শীর্ষক অনুষ্ঠানে অংশগ্রহণকারী সংগঠনসমূহের মধ্যে ছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, আবৃত্তি সংসদ, মুক্তমঞ্চ পরিষদ, মাইম সোসাইটি, উদীচি শিল্পীগোষ্ঠী এবং রঙ্গভূমি।



উদীচি শিল্পীগোষ্ঠী, জবি সংসদের প্রয়োজনায় একাঙ্কিকা নাটক ‘মৃত্যুঞ্জয়ী রফিক’ এবং রাত ১১টায় ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমি (জবিরঙ্গ)’ এর প্রয়োজনায় মুনীর চৌধুরী রচিত ‘কবর’ নাটক মঞ্চস্থ হয়।

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে রঙের বালতি, তুলি আর রঙ বেরঙের আল্পনায় বিশ্ববিদ্যালয় শহীদ মিনার ছেয়ে গেছে।